যুগান্তর

তারিখ 14 OCT 2008

পৃষ্ঠা – ১৪ কলাম – ৫

# শিক্ষা সংস্কার মেগা পরিকল্পনার বাস্তবায়ন শুরু

## তিনটি কমিটি গঠিত

যুগান্তর রিপোর্ট

দেশের মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও উচ্চশিক্ষার কাঙ্ক্ষিত সংস্কারের লক্ষ্যে সরকারের গৃহীত মেগা পরিকল্পনা বাস্তবায়নের আনুষ্ঠানিক কার্যক্রম শুরু হয়েছে। সোমবার মন্ত্রণালয়ে শিক্ষা উপদেষ্টার সভাপতিত্বে এক সভায় করণীয় নির্ধারণের পাশাপাশি তিনটি শক্তিশালী কমিটি গঠন করা হয়েছে। এ তিনটি কমিটির মধ্যে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের ব্যাপারে গঠিত কমিটির নেতৃত্ব দেবেন মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (কারিগরি ও মাদ্রাসা) হুমায়ুন খালিদ। আর জাতীয় বিশ্ববিদ্যালয় সংস্কার ও শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা বিধিবিধান যুগোপযোগীকরণ সংক্রান্ত এ দুটি কমিটির নেতৃত্ব দেবেন উপদেষ্টা স্বয়ং। সূত্র জানায়, সভার সিদ্ধান্ত অনুযায়ী নভেম্বরের প্রথম সপ্তাহের মধ্যে সংস্কার প্রস্তাবনার প্রাথমিক কাজ সম্পন্নের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে।

সংশ্লিষ্ট সূত্র জানায়, গুরুত্বপূর্ণ সভাটি মন্ত্রণালয়ের সচিব মোঃ মোমতাজুল ইসলাম, অতিরিক্ত সচিব এটিকেএম ইসমাইল, যুগ্ম সচিব শফিউল্লাহসহ সিনিয়র কর্মকর্তারা উপস্থিত ছিলেন।